"দুটি সন্তানের বেশী নয়, একটি হলে ভাল হয়।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
জয়পুরহাট
**e-mail: dcfjpt@gmail.com**
**www.dgfood.gov.bd**

স্মারক নং- ১৩.০১.৩৮০০.০০২.৪৯.০০১.১৯.১১৫৬ তারিখ ঃ ১৩/০৫/২০১৯ খ্রিঃ

# দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট এর আওতাধীন ৭ (সাত) টি এলএসডি'র ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরের জন্য শ্রম ও হস্তার্পন ঠিকাদার নিয়োগের নিমিত্ত আগ্রহী প্রতিষ্ঠান/ঠিকাদারদের নিকট হতে দরপত্রে বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | খাদ্য মন্ত্রণালয়, ঢাকা |
| ২ | এজেন্সি | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জয়পুরহাট |
| ৩ | সংগ্রাহক সত্ত্বার নাম | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট |
| ৪ | যে কাজের জন্য দরপত্র | ঃ | জয়পুরহাট জেলার ৭ (সাত) টি এলএসডি'র ( জয়পুরহাট সদর, পাঁচবিবি, আক্কেলপুর, জামালগঞ্জ, কালাই, মোলামগাড়ী ও ক্ষেতলাল) শ্রম ও হস্তার্পন ঠিকাদার নিয়োগ। |
| ৫ | দরপত্রের সূত্র নম্বর ও তারিখ | ঃ | ১৩.০১.৩৮০০.০০২.৪৯.০০১.১৯.১১৫৬, তাং- ১৩/০৫/২০১৯ খ্রিঃ |
| ৬ | সংগ্রহ পদ্ধতি | ঃ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (জাতীয়) |
| ৭ | বাজেট ও তহবিল সূত্র | ঃ | রাজস্ব বাজেট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার |
| ৮ | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ | ঃ | ০৯/০৬/২০১৯ খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত |
| ৯ | দরপত্র গ্রহনের তারিখ ও সময় | ঃ | ১০/০৬/১৯/২০১৯ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত |
| ১০ | দরপত্র গ্রহনের স্থান | ঃ | জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট, পুলিশ সুপারের কার্যালয়, জয়পুরহাট ও জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জয়পুরহাট-এ রক্ষিত দরপত্র বাক্স |
| ১১ | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ঃ | ক) ১১/০৬/২০১৯ খ্রিঃ তারিখে বেলা ১১.০০ ঘটিকায় যোগ্যতা বিষয়ক প্রস্তাব জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট এর অফিস কক্ষে উপস্থিত দরপ্রস্তাব দাতা/দরপ্রস্তাব দাতা প্রতিষ্ঠানের প্রতিনিধি এর উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপ্রস্তাব উন্মুক্তকরণ কমিটি কর্তৃক খোলা হবে<br>খ) যোগ্যতা বিষয়ক প্রস্তাবের ভিত্তিতে কেবল মাত্র Responsive ঠিকাদারের আর্থিক প্রস্তাব খোলা হবে। Responsive ঠিকাদারদের তালিকা আর্থিক প্রস্তাব খোলার তারিখ, সময় ও স্থান সম্পর্কিত তথ্য জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট এর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেয়া হবে |
| ১২ | দরপত্র উন্মুক্তকারী দপ্তর | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট |
| ১৩ | প্রাক দরপত্র সভার তারিখ ও সময় | ঃ | ০৯/০৬/২০১৯ খ্রিঃ বেলা ১১.০০ ঘটিকায় |
| ১৪ | প্রাক দরপত্র সভার স্থান | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জয়পুরহাট |
| ১৫ | দরপত্রের মেয়াদকাল | ঃ | দরপত্র খোলার তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন |
| ১৬ | দরপত্র বিক্রয়কারী দপ্তর | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জয়পুরহাট |
| ১৭ | দরপত্র দাতার অভিজ্ঞতা | ঃ | শ্রম ও হস্তার্পন কাজের কমপক্ষে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা |
| ১৮ | দরপত্র দাখিলের নিয়মাবলী | ঃ | ২ (দুই) খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাব সন্তোষজনক (Responsive) হলে আর্থিক প্রস্তাব খোলা হবে |
| ১৯ | দরপত্র সিডিউলের মূল্য (প্রতি সেট) | ঃ | জামালগঞ্জ ও মোলামগাড়ী এলএসডি'র ক্ষেত্রে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা এবং অন্যান্য এলএসডি'র ক্ষেত্রে ১০০০/- (এক হাজার) টাকা মাত্র |
| ২০ | দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম ও পদবী | ঃ | মোঃ মনিরুল ইসলাম, জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট |
| ২১ | কাজের সময়কাল | ঃ | ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থ বছর |
| ২২ | টেন্ডার সিকিউরিটি | ঃ | দরপত্র দাতার টেন্ডার সিকিউরিটির জন্য প্রতি লটে (ফেরতযোগ্য) ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাটের অনুকূলে জমা করতে হবে |
| ২৩ | পারফরমেন্স সিকিউরিটি | ঃ | সংশ্লিষ্ট এলএসডি'র বিগত ৩ (তিন) বছরের শ্রম ও হস্তার্পন কাজের পরিশোধিত বিলের গড় টাকার ১০% তবে ১০,০০০/- (দশ হাজার) টাকার কম নয়। |
| ২৪ | দরপত্র আহবানকারী কর্মকর্তার ঠিকানা, ফোন ও ফ্যাক্স নম্বর। | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বঙ্গবন্ধু রোড (রেলওয়ে স্টেশনের পূর্ব পার্শ্বে), হোল্ডিং নং-২৫, জয়পুরহাট। ফোন নম্বরঃ ০৫৭১-৬২৩৬৭, ৬২২৩৯, ফ্যাক্স- ০৫৭১-৬৩২৩৪ |
| ২৫ | এই দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা' ২০০৮ অনুযায়ী পরিচালিত হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্ত্বা এ নোটিশ বাতিল বা পরিবর্তন বা যে কোন বা সকল দরপত্র গ্রহন/প্রত্যাখান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। | | |

**এই বিজ্ঞপ্তিটি www.dgfood.gov.bd ওয়েব সাইটেও পাওয়া যাবে।**

( মোঃ মনিরুল ইসলাম )
জেলা খাদ্য নিয়ন্ত্রক
জয়পুরহাট

চলমান পাতা-২

## ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী (General Conditions of Contract)

১। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, নিজ নামের/প্রতিষ্ঠানের হালসনের ট্রেড লাইসেন্স, এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

২। সংশ্লিষ্ট আয়কর বিভাগ হতে ইস্যুকৃত টিআইএন (TIN) নম্বর সহ হালসন ২০১৮-২০১৯ কর বছরে আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৩। সংশ্লিষ্ট বিভাগ হতে প্রদত্ত ভ্যাট রেজিস্ট্রেশন সনদ এর সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৪। একক মালিকানার ক্ষেত্রে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিক এর নিকট হতে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে হলফনামা (এফিডেভিট) এর মূল কপি দাখিল করতে হবে।

৫। অংশীদারী মালিকানার ক্ষেত্রে অংশীদারীত্বের স্ব-পক্ষে রেজিষ্ট্রিকৃত দলিলের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৬। লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে মেমোরেন্ডাম অব আর্টিকেলস এবং জয়েন্ট ষ্টক কোম্পানীর সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৭। ঠিকাদারদের গ্রুপ, যৌথ উদ্যোগ বা সমবায়ের ক্ষেত্রে যথাযথ দলিল/দাখিলা এর সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে

৮। চাহিত সকল সনদপত্র ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা দ্বারা (নামযুক্ত সীলসহ) সত্যায়িত হতে হবে এবং চুক্তি সম্পাদনকালে অনুলিপি সমূহের মূল কপি প্রদর্শন করতে হবে।

৯। খাদ্য বিভাগীয় অতীত দায় দেনার (যদি থাকে) হলফনামার মূলকপি দাখিল করতে হবে।

১০। যে দরে চুক্তিপত্র সম্পাদিত হবে চুক্তিপত্র সম্পাদনের পর উক্ত দর বৃদ্ধি বা পরিবর্তন করার বিষয়ে কোন মামলা-মোকদ্দমা দায়ের করা যাবে না মর্মে দরপত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

১১। অতীতে খাদ্য বিভাগীয় ঠিকাদারী কাজে আত্মসাৎ ঘটনার সাথে জড়িত দেওয়ানী/ফৌজদারী/সালিশী মামলায় চুড়ান্তভাবে দোষী সাব্যস্ত হয়ে থাকলে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশ গ্রহন করতে পারবে না।

১২। সালিশী মামলার নিষ্পত্তির অপেক্ষায়/আদালত মামলা নিষ্পত্তির অপেক্ষায় আছে এমন ঠিকাদার দরপত্রে অংশ গ্রহন করতে পারবে। তবে, সালিশ/মামলায় দোষী সাব্যস্ত হলে চুক্তি সম্পাদন করা হবে না/সম্পাদিত চুক্তি বাতিল করা হবে।

১৩। প্রতিটি সেট দরপত্র সিডিউলের মূল্য ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংকে **১/৪৮৩১/০০০১/২৩৬৬** নম্বর কোডে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র দপ্তরের হিসাব শাখা হতে অবশ্যই পাশ করে নিতে হবে এবং উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূল কপি অত্র দপ্তরের হিসাব শাখায় জমা দিয়ে দরপত্র সিডিউল গ্রহন করতে হবে। জমাকৃত চালানের অনুলিপি/অতিরিক্ত কপি ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে অবশ্যই দাখিল করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।

১৪। বর্ণিত বিষয়ে কেউ ভুল তথ্য প্রদান করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ পাবার পরও ভুল তথ্য প্রদান সংক্রান্ত বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভুত হলে নিয়োগ বাতিল সহ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। এছাড়া খাদ্য বিভাগের সাথে চুক্তি সম্পাদনের পর খাদ্য বিভাগীয় এবং পুলিশ বিভাগীয় তদন্তে তার বিরুদ্ধে ফৌজদারী অথবা এতদসংশ্লিষ্ট অন্য কোন অপরাধ যার তথ্য গোপন করা হয়েছে কিংবা অনুরূপ কোন অপরাধে শাস্তি প্রাপ্ত হলে তার নিয়োগ আদেশ এবং চুক্তি কর্তৃপক্ষ বাতিল করতে পারবেন।

১৫। দরপত্র দাতা দরপত্র তফসীলে বর্ণিত সকল তথ্যাবলী সুন্দরভাবে কালো কালিতে লিখে বা টাইপ করে পূরণ পূর্বক নির্দিষ্ট স্থানে সীলমোহরসহ দস্তখত করবেন। দরপত্র তফসীল, চুক্তি পত্রের মডেল ও দরপত্র বিজ্ঞপ্তির (ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী একত্রিত) প্রতি পাতায় স্বাক্ষর সহ সীল প্রদান করতে হবে।

১৬। ডাকযোগে প্রেরিত দরপত্র/নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত দরপত্র বিবেচিত হবে না অর্থাৎ নির্ধারিত দিনে নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র গ্রহনের বাক্সে দরপত্র ফেলতে হবে।

১৭। শর্তযুক্ত/কাটাছেড়া, ঘষামাজা, ফ্লুইডযুক্ত বা অসম্পূর্ণ দরপত্র গৃহীত হবে না এবং প্রাইস সিডিউল/দর তফসিল (আর্থিক প্রস্তাব) যথাযথভাবে পূরণকৃত না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। উদ্ধৃত দরের মধ্যে প্রযোজ্য ট্যাক্স, ভ্যাট এবং ইন্স্যুরেন্স এর খরচ অন্তর্ভূক্ত হিসেবে গণ্য হবে। দাখিলকৃত সকল ডকুমেন্টে/কাগজপত্রে আবেদনকারীর স্বাক্ষর ও সীল থাকতে হবে।

## দরপত্র দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী (Particular Condition of Contract)

১৮। **ঠিকাদারের যোগ্যতা ঃ**

শ্রম ও হস্তার্পন ঠিকাদারের ক্ষেত্রে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সাধারণ হস্তার্পন ও পরিবহন কাজে ১ (এক) বছরের এবং খাদ্য বিভাগীয় শ্রম ও হস্তার্পন ঠিকাদারের কাজে ১ (এক) বছরের অথবা খাদ্য বিভাগের শ্রম ও হস্তার্পন কাজের মোট ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। উক্ত অভিজ্ঞতা সনদ খাদ্য বিভাগের ক্ষেত্রে পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকার/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো সুপার/জেলা খাদ্য নিয়ন্ত্রক/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক কর্তৃক এবং অন্যান্য সরকারি আধা সরকারি স্বায়ত্বশাসিত সংস্থার ক্ষেত্রে সংশ্লিষ্ট আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত হতে হবে। যদি পূর্বে বা বর্তমানে ঠিকাদার হিসাবে কার্য সম্পাদন করে থাকেন, তবে উক্ত অভিজ্ঞতার সনদে ঠিকাদারীর ধরণ ও কার্যকাল (কোন সাল হতে কোন সাল পর্যন্ত উক্ত ঠিকাদারী কাজ সম্পন্ন করেছেন বা করছেন) অবশ্যই উল্লেখ করতে হবে।

চলমান-পাতা-৩

১৯। **দরপত্র দাতার আর্থিক বছরের লেনদেনের হিসাব ঃ**

ক) সিডিউল ব্যাংক হতে গত আর্থিক বৎসরের (২০১৭-২০১৮) লেনদেনের স্বপক্ষে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার হিসাব বিবরণী (Bank Statement) সহ তিনি আর্থিকভাবে স্বচ্ছল মর্মে আর্থিক স্বচ্ছলতার সনদপত্র দাখিল করতে হবে।

খ) **দরপত্র দাতার নগদ সম্পদ ঃ** ঠিকাদারের নিজস্ব/প্রতিষ্ঠানের লেটার প্যাডে নূন্যতম ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা আছে মর্মে ঘোষণাপত্র দাখিল করতে হবে।

২০। **দরপত্র দাখিলের নিয়মাবলী ঃ**

ক) দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব এবং আর্থিক প্রস্তাব ২ টি ভিন্ন খামে দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামের উপরিভাগের মাঝখানে লাল কালিতে **"শ্রম ও হস্তার্পন ঠিকাদারের যোগ্যতা প্রস্তাব"** ও আর্থিক প্রস্তাব খামে **"শ্রম ও হস্তার্পন ঠিকাদারের আর্থিক প্রস্তাব"** লিখে দাখিল করতে হবে। উভয় খামের ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা লিখতে হবে। ২ টি খাম একত্র করে বড় একটি খামে দাখিল করতে হবে এবং অনুরূপভাবে বড় খামের ডানদিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা লিখতে হবে। বড় খামের উপরের দিকে "শ্রম ও হস্তার্পন ঠিকাদার দরপত্র প্রস্তাব" লিখতে হবে। প্রতিটি খামের উপরে ডান কোনায় অবশ্যই যে এলএসডি'র জন্য দরপত্র দাখিল করা হচ্ছে সেই এলএসডি'র নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

খ) যোগ্যতা বিষয়ক প্রস্তাব খামে 'ক' ফরম পূরণ ও স্বাক্ষর পূর্বক সংশ্লিষ্ট দলিলাদি সংযুক্ত করতে হবে। যোগ্যতা প্রস্তাব খামে টেন্ডার সিকিউরিটি বা বায়নার টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট পাওয়া না গেলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে না

গ) আর্থিক প্রস্তাব বিষয়ক খামে 'খ' ফরমে শুধুমাত্র দরদাতার উদ্ধৃত দর উল্লেখ করতে হবে এবং সর্বমোট মূল্য (প্রতি আইটেমে মোট মূল্যের যোগফল) শুধুমাত্র নির্ধারিত কলামে এবং স্থানে স্পষ্টভাবে লিখে দরপত্র দাখিল করতে হবে। প্রকাশ থাকে যে, ডি ও এবং যে সকল আইটেমে সরকারী কোন কাজ সংঘটিত হয় না সেই সকল আইটেম ব্যতীত সর্বনিম্ন গড় দর বিবেচনা করা হবে। তবে দরদাতাকে অবশ্যই উক্ত আইটেম সমূহে বর্তমান বাজার দরের সাথে সংগতিপূর্ণ দর উল্লেখ করতে হবে। আর্থিক প্রস্তাবের টাকার অংকে কোন ধরনের উপরি লেখন, ঘষামাজা অথবা ফ্লুইড ব্যবহার করা হলে তা কোন রকম বিবেচনা ছাড়াই বাতিল বলে গণ্য হবে। আর্থিক প্রস্তাব খামে কোন পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহনযোগ্য হবে না।

ঘ) প্রতিটি লটের জন্য আলাদা আলাদা দরপত্র দাখিল করতে হবে

ঙ) সীলগালা ছাড়া কোন যোগ্যতা ও আর্থিক প্রস্তাব ফর্ম দাখিল করা হলে তা বিবেচনা করা হবে না। সরাসরি বাতিল করা হবে।

২১। **টেন্ডার সিকিউরিটি ঃ**

ক) দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসীলভুক্ত (সিডিউল) ব্যাংক হতে টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট এর অনুকূলে জমা দিতে হবে। টেন্ডার সিকিউরিটি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। কোন এসডিআর/সিডিআর গ্রহনযোগ্য হবে না।

খ) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক নির্বাচিত দরদাতা ব্যতিরেকে অন্যান্য অকৃতকার্য দরপত্র দাতার টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) দরপত্রের সিদ্ধান্ত গ্রহন শেষে ফেরত দেয়া হবে। কৃতকার্য দরদাতার বায়নার টাকা ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদনের পর ফেরৎ দেয়া হবে। যথা সময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহন না করলে টেন্ডার সিকিউরিটির টাকা বাজেয়াপ্ত করা হবে। টেন্ডার সিকিউরিটির টাকা ছাড়া কোন দরপত্র গ্রহনযোগ্য হবে না।

২২। **আর্থিক প্রস্তাব বিষয়ক "খ" ফরম পূরণের নিয়ম ঃ**

ক) আর্থিক প্রস্তাব বলতে শুধুমাত্র দরপত্র সিডিউল "খ" ফরম বুঝাবে।

খ) আর্থিক প্রস্তাবের সাথে টেন্ডার সিকিউরিটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ও ট্রেজারী চালান জমা দেয়া যাবে না।

২৩। অত্র দরপত্র বিজ্ঞপ্তির কোন শর্তাবলী/যোগ্যতা প্রস্তাব ("ক" ফরম) আর্থিক প্রস্তাব ("খ" ফরম) ইত্যাদি বিষয়ে সহায়ক তথ্য বা স্পষ্টীকরণের প্রয়োজন হলে দরপত্র দাতাগন ০৯/০৬/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে অত্র দপ্তরের হিসার শাখার সাথে যোগাযোগ করতে পারবেন।

২৪। **ঠিকাদার নির্বাচন পদ্ধতি ঃ**

ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব অর্থাৎ "ক" ফরম মূল্যায়ন (Responsive) হলে দরদাতার আর্থিক প্রস্তাব ("খ" ফরম) খোলা হবে এবং নিম্নদরদাতার দর মূল্যায়ন কমিটি কর্তৃক বিবেচিত ও Head Of the Procuring Entity (HOPE) কর্তৃক অনুমোদনের পর চূড়ান্ত বলে গণ্য হবে। প্রতিটি লট বলতে প্রতিটি এলএসডিতে সর্বনিম্ন দরদাতার অনুমোদিত দরে একজন করে ঠিকাদার নির্বাচন করা হবে। সর্বনিম্ন দরদাতার সংখ্যা একাধিক হলে পিপিআর-২০০৮ এর সর্বশেষ প্রচলিত বিধি-বিধান অনুসরণ পূর্বক দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক প্রতিটি এলএসডি'র জন্য ১ (এক) জন করে ঠিকাদার নিয়োগের জন্য সুপারিশ করা হবে।

খ) জয়পুরহাট জেলার প্রতিটি এলএসডি'র জন্য সর্বনিম্ন দরে ১ (এক) জন করে শ্রম ও হস্তার্পন ঠিকাদার নির্বাচন করা হবে। তবে নির্বাচিত দরদাতা চুক্তি সম্পাদন না করলে কিংবা দরপত্রে কোন ভুল তথ্য প্রদান করেছেন এরূপ তথ্য উদঘাটিত হলে পিপিআর-২০০৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

গ) বাজার দরের সাথে অসামঞ্জস্যপূর্ণ অস্বাভাবিক নিম্নদর/উচ্চদর মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

২৫। **পারফরমেন্স সিকিউরিটি ঃ**

Letter of intent দেয়ার ৭ (সাত) দিনের মধ্যে লিখিত সম্মতি প্রদান করতে হবে এবং পারফরমেন্স সিকিউরিটি বাবদ সংশ্লিষ্ট এলএসডি'র জন্য প্রযোজ্য টাকা জামানত হিসাবে (পরিশিষ্ট 'ক' মোতাবেক) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহ যথাযথ কাগজপত্র জমা দিয়ে ৭ (সাত) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।

চলমান পাতা-৪

২৬। **চুক্তি সম্পাদন ঃ**

ক) ঠিকাদারের যোগ্যতা প্রস্তাব বিবেচিত হলে আর্থিক প্রস্তাব খোলা হবে এবং সর্বনিম্ন অনুমোদিত দরদাতার সঙ্গে চুক্তি সম্পাদন করা হবে।

খ) দরপত্রে প্রাপ্ত সর্বনিম্ন দরদাতার দর বৈধ বিবেচিত হলে ও অনুমোদিত হলে Letter of intent প্রদান করা হবে এবং দরপত্রে সকল শর্তাদি পূরণ শেষে ৭ (সাত) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।

২৭। **চুক্তি সংশোধন ঃ**

সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্য দ্রব্য অথবা যে কোন পণ্য (প্রযোজ্য ক্ষেত্রে) শ্রম ও হস্তার্পন সংক্রান্ত বা এতদসংক্রান্ত যে কোন বিষয়ে জারীকৃত বিজ্ঞপ্তি/স্মারক/আদেশ/পরিপত্রসহ দরপত্র তফসীল, শর্তাবলী ও নিয়মাবলী চুক্তিপত্রের অংশ হিসেবে পরিগণিত হবে।

২৮। দরপত্র সিডিউলের সাথে সংযুক্ত অঙ্গীকার নামায় বর্ণিত অঙ্গীকার সমূহের জন্য দরদাতাকে তার নিজস্ব প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে অংঙ্গীকারনামা প্রদান করতে হবে। দরদাতা কর্তৃক উক্ত অঙ্গীকার ভবিষ্যতে মিথ্যা বা অসত্য প্রমানিত বা পরিগণিত হলে দরদাতাকে উক্ত ঠিকাদারী কার্যক্রম বা চুক্তি বাস্তবায়নে পরবর্তী কার্যক্রম থেকে বাদ দেয়া হবে বা ঠিকাদারী কার্যক্রমে অংশ গ্রহনের জন্য অনির্দিষ্টকাল বা নির্দিষ্ট কোন মেয়াদ পর্যন্ত অযোগ্য ঘোষণা করা হবে।

২৯। **গোপনীয় প্রতিবেদন ঃ**

নির্বাচিত ঠিকাদারদের ক্ষেত্রে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তির পর চুক্তি সম্পাদন করা হবে। তবে জরুরী প্রয়োজনে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যতীত চুক্তি সম্পাদন করা যেতে পারে। পরবর্তীতে গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে সম্পাদিত চুক্তিপত্র বাতিল বলে গন্য হবে।

৩০। **ক্ষমতা সংরক্ষণ ঃ**

কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। সর্বনিম্ন দর গ্রহনে কর্তৃপক্ষ বাধ্য নহে। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

৩১। **অভিযোগ ও আপীল ঃ**

দরপত্র সম্পর্কিত অভিযোগ ও আপীল নিষ্পত্তির ক্ষেত্রে পিপিআর-২০০৮ মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

স্বাঃ-

( মোঃ মনিরুল ইসলাম )
জেলা খাদ্য নিয়ন্ত্রক
জয়পুরহাট
ও সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য)
জয়পুরহাট

স্মারক নং- ১৩.০১.৩৮০০.০০২.৪৯.০০১.১৯.১১৫৬

তারিখ ঃ ১৩/০৫/২০১৯ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য -

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৩। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো/হিসাব ও অর্থ/সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী/রংপুর/ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ
৫। জেলা প্রশাসক, জয়পুরহাট
৬। পুলিশ সুপার, জয়পুরহাট
৭। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট
৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, জয়পুরহাট
৯। সাইলো অধিক্ষক (সকল), .................................. সাইলো
১০। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো
১১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা
১২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ..........................
১৩। ম্যানেজার, সান্তাহার/দিনাজপুর/মূলাডুলি/তেজগাঁও/নারায়নগঞ্জ সিএসডি
১৪। এসএন্ডএমও, জয়পুরহাট/সিরাজগঞ্জ/ঈশ্বরদী এলএসডি
১৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ............................ জয়পুরহাট
১৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরী), জয়পুরহাট/বগুড়া
১৭। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, জয়পুরহাট
১৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), .................................... এলএসডি, জয়পুরহাট
১৯। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
২০। নোটিশ বোর্ড, অত্র দপ্তর
২১। সংরক্ষণ নথি

জেলা খাদ্য নিয়ন্ত্রক ১৩/৫/১৯
জয়পুরহাট